


পলাশ উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি জুন/২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : রুমানা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
 সভার তারিখ : ১৪/০৬/২০২১ খ্রিঃ
 সভার সময় : সকাল-১১.০০ ঘটিকা।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পলাশ, নরসিংদী।
 সভার উপস্থিতি : সভায় জুম প্রাটফর্মে সংযুক্ত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভাপতি প্রাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতি ক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রাপ্ত অভিযোগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ জানান যে ২০২১ মাসে তাঁর দপ্তরে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অভিযোগ অনিষ্পন্ন নেই।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে প্রশাসনের সহযোগিতায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।
২। পলাশ থানায় নারী ও শিশু নির্যাতন/মামলা অভিযোগ	পলাশ থানার অফিসার ইনচার্জ সভায় জানান, পলাশ থানায় মে ২০২১ মাসে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মোট ৩ টি মামলা দায়ের করা হয়। এর মধ্যে ১ টি নারী ও শিশু অপহরণ, ১টি ধর্ষণ টেস্ট ও ১ টি ধর্ষণ মামলা। মামলাগুলো বর্তমানে তদন্তাধীন রয়েছে।	তদন্তাধীন মামলাগুলোর তদন্তকাজ দ্রুত সম্পন্ন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়।	১। অফিসার ইনচার্জ, পলাশ থানা, নরসিংদী।
৩। ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি হতে প্রাপ্ত অভিযোগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, উপজেলাধীন ৪ টি ইউনিয়নের মধ্যে কোন ইউনিয়ন হতেই ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। এ বিষয়ে তিনি সভাপতিসহ সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান।	ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত আহ্বান পূর্বক সভার কার্যবিবরণী উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে প্রেরণের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।	১। চেয়ারম্যান (সকল) ইউ.পি, পলাশ, নরসিংদী।
৪। যৌন হয়রানি (ইভটিজিং) সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, মে ২০২১ মাসে তাঁর দপ্তরে যৌন হয়রানী (ইভটিজিং) সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি।	যৌন হয়রানী (ইভটিজিং) সংক্রান্ত কোন অভিযোগ পেলে উপজেলা প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সময়ে সময়ে মোবাইল কোর্ট পরিচালনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল।
৫। সচেতনতামূলক কার্যক্রম	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব জনিত কারণে উল্লুত পরিস্থিতিতে প্রয়োজনে ভারুয়্যাললি পলাশ উপজেলায় বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে উঠান বৈঠক, সচেতনতামূলক সভা অব্যাহত রাখতে হবে।	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকারী নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি বজায় রেখে প্রয়োজনে ভারুয়্যাললি বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে উঠান বৈঠক, সচেতনতামূলক সভা অব্যাহত রাখা হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (রুমানা ইয়াসমিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
 পলাশ, নরসিংদী।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।

স্মারক নং- ৩২.০১.৬৮৬৩.০২৫.০৬.০০১.১৩- ৫৬

তারিখঃ ২০/০৬/২০২১

অনুলিপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৩। উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট), নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেল, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ৫। অফিসার ইনচার্জ, পলাশ থানা, পলাশ, নরসিংদী।
- ৬। উপজেলা কর্মকর্তা।
- ৭। অফিস কপি।


২৪/০৬/২০২১
(রেহানা পারভীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পলাশ, নরসিংদী।

ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩।

ই-মেইলঃ uwapalash@gmail.com